নতুন ধারার দৈনিক

facebook.com/ASofficialnews twitter.com/ASofficialnews www.dainikamadershomoy.com

# আমাদের সময়

সোমবার ঢাকা, ২৪ জুন ২০২৪, ১০ আষাঢ় ১৪৩১, ১৭ জিলহজ ১৪৪৫, বর্ষ ২০ সংখ্যা ৭৯ ১২ পৃষ্ঠা ৮ টাকা



আলোয় ঝলমলে বর্ণাঢ্য জীবন

বিনোদন সময় ৮

## সাম্প্রদায়িক শক্তি তোষণ করেছে

মাহমুদ পররাষ্ট্রমন্ত্রী

ড. হাছান মাহমুদ বলেছেন, 'বিএনপি স্বাধীনতাবিরোধী, অপশক্তির তোষণ না করলে আওয়ামী লীগের ৭৫ বছরের য় দেশ আরও এগিয়ে যেত। গতকাল রবিবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে বলেন। আওয়ামী লীগের ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৫



## জনস্বাস্থ্যের লড়াইয়ে প্রতিপক্ষ যক্ষ্মা

ডা. সামন্ত লাল সেন স্বাস্থ্যমন্ত্রী

বাংলাদেশকে ২০৩০ সালের মধ্যে যক্ষ্মামুক্ত করতে সরকার প্রতিজ্ঞাবদ্ধ বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, যক্ষ্মা শুধু বাংলাদেশ নয়, বৃহত্তরভাবে বিশ্বকেও প্রভাবিত করছে। যক্ষ্মা দীর্ঘকাল ধরে জনস্বাস্থ্যের লড়াইয়ে একটি শক্তিশালী প্রতিপক্ষ। গতকাল রাজধানীর হোটেল ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ১



## সেবাদাসে পরিণত হয়েছে সরকার

মির্জা ফখরুল মহাসচিব, বিএনপি

ক্ষমতাসীন সরকার ভারতের সেবাদাসে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। গতকাল রবিবার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক দোয়া মাহফিলে এই মন্তব্য করেন তিনি। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আরোগ্য কামনায় মাহফিলের আয়োজন করা হয়। ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৮

শ্রেণিভুক্ত বিজ্ঞপ্তি

নিয়োগ

নিয়োগ বিজ্ঞপ্তি : সরকারী বিধি ও সর্বশেষ এমপিও নীতিমালা,জনবল কাঠামো (স্কুল ও কলেজ)/২০২১ মোতাবেক নন্দু-নেফড়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়। এ শূন্যপদে একজন প্রধান শিক্ষক ও সৃষ্টপদে একজন অফিস সহায়ক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সভাপতি বরাবরে প্রয়োজনীয় কাগজপত্র ও প্রধান শিক্ষক পদে ১,০০০/-ও অফিস সহায়ক পদে ৫০০/-টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য)সহ স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।–সভাপতি, নন্দু-নেফড়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, উলিপুর, কুড়িগ্রাম।

সি-৪০০/০৬/২৪

## পুলিশের উচ্চ পর্যায়ে বড় রদবদল

(শেষ পৃষ্ঠার পর) ডিআইজি মো. মাহবুবর রহমানকে ম্যাস র‍্যাপিড ট্রানজিট মেট্রোরেলের ডিআইজি, পুলিশ সদর দপ্তরের ডিআইজি এসএম মোস্তাক আহমেদ খানকে ঢাকা মহানগর পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার, বরিশাল রেঞ্জের ডিআইজি মো. জামিল হাসানকে হাইওয়ে পুলিশ এবং এপিবিএনের ডিআইজি মোল্যা নজরুল ইসলামকে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডিতে বদলি করা হয়েছে।

**১৫ অতিরিক্ত ডিআইজির দপ্তর বদল**

পৃথক প্রজ্ঞাপনে অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত ১৫ পুলিশ সুপার পদ মর্যাদার কর্মকর্তাকে পুলিশের বিভিন্ন ইউনিটে বদলি করা হয়েছে। এর মধ্যে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) উপকমিশনার মো. আব্দুল ওয়ারিশকে সিএমপির অতিরিক্ত কমিশনার, টাঙ্গাইল জেলা পুলিশ সুপার সরকার মোহাম্মদ কায়সারকে এসবিতে, ডিএমপির উপপুলিশ কমিশনার মুহাম্মদ আশরাফ হোসেনকে ডিএমপির যুগ্ম কমিশনার, কুষ্টিয়া জেলা পুলিশ সুপার এএইচএম আব্দুর রকিবকে এসবিতে, ডিএমপির উপকমিশনার মোহাম্মদ আনিসুর রহমানকে ডিএমপির যুগ্ম কমিশনার, ডিএমপির উপকমিশনার এবিএম মাসুদ হোসেনকে ডিএমপির যুগ্ম কমিশনার, ডিএমপির উপকমিশনার মো. শহীদুল্লাহকে ডিএমপির যুগ্ম কমিশনার, নৌপুলিশ খুলনা অঞ্চলের পুলিশ সুপার মোহাম্মদ শরিফুর রহমানকে অতিরিক্ত ডিআইজি ময়মনসিংহ রেঞ্জ, সিএমপির উপকমিশনার মোহাম্মদ মোস্তাফিজুর রহমানকে চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি কার্যালয়ে, বগুড়ার পুলিশ সুপার সুদীপ কুমার চক্রবর্তীকে ডিএমপির যুগ্ম কমিশনার, যশোরের পুলিশ সুপার প্রলয় কুমার জোয়ারদারকে পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত ডিআইজি, ডিএমপির উপকমিশনার আসমা সিদ্দিকা মিলিকে ডিএমপির যুগ্ম কমিশনার, পাবনা জেলা পুলিশ সুপার মো. আকবর আলী মুন্সীকে গাজীপুর মহানগরে, রংপুর জেলা পুলিশ সুপার মো. ফেরদৌস আলী চৌধুরীকে সিএমপিতে ও সুনামগঞ্জ জেলা পুলিশ সুপার মোহাম্মদ এহসান শাহকে সিলেট মহানগর পুলিশের উপকমিশনার পদে বদলি ও পদায়ন করা হয়েছে।

**১৫ এসপির দপ্তর রদবদল**

ডিএমপির উপকমিশনার (ডিসি) মো. শাহজাহানকে রংপুর জেলার পুলিশ সুপার, ডিএমপির ডিসি মুহাম্মদ আলমগীর হোসেনকে কুষ্টিয়া জেলার পুলিশ সুপার, কুমিল্লার পুলিশ সুপার আব্দুল মান্নানকে সিলেট জেলার পুলিশ সুপার, সিলেটের পুলিশ সুপার মোহাম্মদ আব্দুল্লাহ আ[...] উপকমিশনার, [...] সুপার মো. স[...] জেলার পুলিশ [...] সুপার আব্দু[...] জেলার পুলি[...] পুলিশ সুপার [...] বরগুনা জেলা[...] পুলিশ সুপার [...] জেলার পুলি[...] উপকমিশনার [...] ইসলামকে যে[...] ডিএমপির ডি[...] আব্দুল আহাদ[...] সুপার ও নীলফ[...] গোলাম সবুরে[...] সুপার করা হ[...]

এ ছাড়া গি[...] মো. মকবুল [...] জেলার পুলি[...] পুলিশ সুপার [...] যশোর জেলার [...] বিশেষ শাখার [...] শফিউর রহম[...] পুলিশ সুপার [...] (প্রেষণে এনা[...] পুলিশ সুপা[...] সুনামগঞ্জে জে[...] পদায়ন করা হ[...]

দৈনিক

# চারিদিকে প্রতিদিন

প্রকাশনার ১৪ বছর (মোল্লা হারুন এর সম্পাদনায়) www.edainikcharidikeprotidin.com

রেজিঃ রাজঃ নং- ৩১৫ □ ১২ তম বর্ষ □ সংখ্যা-১৩৯ □ কুড়িগ্রাম সোমবার □ ১০ আষাঢ় ১৪৩১ □ ১৭ জিলহজ্জ ১৪৪৫ □ ২৪ জুন ২০২৪ খ্রিঃ □ মূল্য-০৫ টাকা



এরশাদুল দন্তঘর


প্রোঃ আলহাজ্ব এরশাদুল ইসলাম

রোগী দেখার সময়
প্রত্যহ
সকাল ১০টা হইতে
রাত্রি ৮টা পর্যন্ত।
চেম্বার-

ডাঃ নাঈমা জান্নাত
বি.ডি.এস (আর.ইউ)
পি.জি.টি (ওরাল সার্জারী)
বি.এম.ডি.সি রেজিঃ ৭৭১২
ওরাল এন্ড ডেন্টাল সার্জন
মোবাঃ ০১৭৭৪-৫৭৩১২১

জেলা পরিষদ মার্কেট, কলেজ রোড কুড়িগ্রাম।


## কুড়িগ্রামে নানা আয়োজনে আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত











### নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারী বিধি ও সর্বশেষ এমপিও নীতিমালা, জনবল কাঠামো (স্কুল ও কলেজ)/২০২১ মোতাবেক নন্দু-নেফড়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়। এ শূন্যপদে একজন প্রধান শিক্ষক ও সৃষ্টপদে একজন অফিস সহায়ক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগনকে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সভাপতি বরাবরে প্রয়োজনীয় কাগজপত্র ও প্রধান শিক্ষক পদে ১,০০০/-ও অফিস সহায়ক পদে ৫০০/-টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) সহ স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

-সভাপতি
নন্দু-নেফড়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়
উলিপুর,কুড়িগ্রাম।

চা.প্র: ৫১/২৪


উলিপুর সংবাদদাতা : কুড়িগ্রামের উলিপুরে তিস্তা নদীতে নৌকা ডুবির ঘটনায় চতুর্থ দিনে কুলসুম (আড়াই বছর) নামের এক শিশুর মরদেহ উদ্ধার করেছেন এলাকাবাসী। নৌকা ডুবির ঘটনায় এখনো ৫জন নিখোঁজ রয়েছেন। শনিবার সকালে বজরা ইউনিয়নের সাতালস্কর এলাকার কাশিয়ার চরে ভাসমান অবস্থায় শিশুটির মরদেহ উদ্ধার করা হয়। নিহত কুলসুম বজরা পশ্চিমপাড়া এলাকার করজাল হকের মেয়ে। প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাঝের চর এলাকায় ২৫ জন যাত্রী নিয়ে নৌকা ডুবির ঘটনা ঘটে। ওই দিন রাতেই ১৮ জনকে জীবিত ও এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় একই পরিবারের চার জন সহ ৬ জন নিখোঁজ হন। এরপর ফায়ার সার্ভিসের ডুবুরি দল তাদের উদ্ধারে অভিযান অব্যাহত রেখেছেন। এরমধ্যে শনিবার কুলসুম নামের এক শিশুর মরদেহ উদ্ধার করেন স্থানীয়রা। নৌকা ডুবির ঘটনায় এখন পর্যন্ত আনিছুর ... পরিবারের লোকজনসহ এলাকাবাসী। উলিপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সাব-স্টেশন কর্মকর্তা আব্বাস আলী জানান, নৌকার ডুবির ঘটনায় চতুর্থ দিনের মত উদ্ধার অভিযান চলমান রয়েছে। বজরা ইউনিয়ন পরিষদের সদস্য এনামুল হক জানান, নৌকা ডুবির স্থান থেকে প্রায় ৩ কিলোমিটার দূরে ভাটি এলাকায় শিশুটির মরদেহ ভাসতে দেখে এলাকাবাসী উদ্ধার করেন। এখনো ৫জন নিখোঁজ রয়েছে।